

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৬৯

১৭/ দন্তবিধি (ﷺ كتاب الحدود عن رسول الله পরিচ্ছেদঃ তা'যীর।

باب ما جاء فِي التَّعْزِيرِ

#### আরবী

حَدَّثَنَا قُتُبْبَةُ، حَدَّثَنَا اللَّيثُ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيب، عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الأَشَجِّ، عَنْ شُلَيْمَانَ بْنِ يَسَارٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ أَبِي بُرْدَةَ بْنِ نِيَارٍ، عَنْ شُلُيْمَانَ بْنِ يَسَارٍ، عَنْ عَبْدِ الرَّهِ عليه وسلم " لاَ يُجْلَدُ فَوْقَ عَشْرِ جَلَدَاتٍ إِلاَّ فِي حَدِّ مِنْ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ يُجْلَدُ فَوْقَ عَشْرِ جَلَدَاتٍ إِلاَّ فِي حَدِّ مِنْ حَدُودِ اللَّهِ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيث بُكَيْرٍ بْنِ الْأَشَجِّ. وقد اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي التَّعْزِيرِ وَأَحْسَنُ شَيْءٍ رُويَ فِي التَّعْزِيرِ هَذَا الْحَدِيثُ الْمُن لَهِيعَةَ عَنْ بُكَيْرٍ فَأَخْطَأَ فِيهِ وَقَالَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُوَ خَطَأُ وَالصَعْدِيحُ حَدِيثُ اللَّيْتِ مِن سَعْد إِنَّمَا هُوَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ عَنِ النَّبِي صلى الله عليه وسلم وَهُوَ خَطَأُ وَالصَعْدِيحُ حَدِيثُ اللَّيْ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ عَنِ النَّبِي صلى الله عليه وسلم وَهُو خَطَأُ والمِهُ وسلم و الله عليه وسلم والله عليه وسلم .

#### বাংলা

১৪৬৯। কুতায়বা (রহঃ) ... আবৃ বুরদা ইবনু নিয়ার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর নির্ধারিত কোন হদ ছাড়া কাউকে দশ ঘা এর উধের্ব বেত্রদন্ড প্রদান করা যাবে না। সহীহ, ইবনু মাজাহ ২৬০১, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৬৩ [আল মাদানী প্রকাশনী]

ইবনু লাহীআ এই হাদীসটিকে বুকায়র (রহঃ) থেকে বর্ণনা করেছেন এবং এতে তিনি ভুল করেছেন। তিনি তার রিওয়ায়াতে আবদুর রহমান ইবনু জাবির ইবনু আবদুল্লাহ তার পিতা সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। কিন্তু তা ভুল। লাইছ ইবনু সা'দ (রহঃ) এর সনদটি শুদ্ধ। সেটি হল আবদুর রহমান ইবনু জাবির ইবনু আবদুল্লাহ আবৃ বুরদা ইবনু নিয়ার সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে। এই হাদীসটি হারীব। বুকায়র ইবনু আশাজ্জ (রহঃ) এর সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা অবহিত নই। তা'যীর সম্পর্কে আলিমগণের মতবিরোধ রয়েছে। তা'যীর বিষয়ে বর্ণিত রিওয়ায়াত সমূহের মধ্যে এ হাদীসটি উত্তম।



### **English**

Narrated Abu Burdah bun Niyar:

That the Messenger of Allah (ﷺ) said: "No one is to be lashed more than ten lashes except for a legal punishment among Allah's punishments."

## ফুটনোট

[কুরআন ও হাদীসে যে সমস্ত অপরাধের শাস্তি নির্ধারিত নেই সেই সকল ক্ষেত্রের দন্ডবিধিকে তা'যীর বলা হয়]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বুরদা ইবন নিয়ার (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন